**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 23-02-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**PM –Namo Bharat Train :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর প্রদেশের মিরাটের শতাব্দী নগর নমো ভারত স্টেশনে মিরাট মেট্রো এবং নমো ভারত ট্রেনের সূচনা করেছেন। গতকাল আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী  মিরাট দক্ষিণ স্টেশন পর্যন্ত মেট্রো যাত্রাও করেন এবং ছাত্রছাত্রী  ও যাত্রীদের সঙ্গে মতবিনিময় করেন। প্রধানমন্ত্রী ৮২ কিলোমিটার দিল্লি-মিরাট নমো ভারত করিডোরের ৮২ কিলোমিটার দীর্ঘ অংশ জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেন এবং ভারতের প্রথম নমো ভারত আঞ্চলিক র‍্যাপিড ট্রানজিট সিস্টেম (RRTS) এর অবশিষ্ট অংশগুলি উদ্বোধন করেন। ঘন্টায় ১৮০ কিলোমিটার গতিসমৃদ্ধ  নমো ভারত হল ভারতের প্রথম আঞ্চলিক র‍্যাপিড ট্রানজিট সিস্টেম যার মাধ্যমে সাহিবাদ, গাজিয়াবাদ, মোদীনগর এবং মিরাটের মতো প্রধান নগর কেন্দ্রগুলিকে দিল্লির সঙ্গে দ্রুত গতির যাত্রায় যুক্ত করা হলো। প্রধানমন্ত্রী মিরাট দক্ষিণ এবং মোদীপুরমের মধ্যে মিরাট মেট্রো পরিষেবারও সূচনা করেন, যা নমো ভারতের মতো একই পরিকা□মোতে পরিচালিত, দেশের মধ্যে এটিই প্রথম উদ্যোগ। মিরাট মেট্রো হল ভারতের দ্রুততম মেট্রো সিস্টেম, যার সর্বোচ্চ গতি প্রায় ১২০ কিলোমিটার প্রতি ঘন্টা। সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী মোদী বলেন, চালু্ হওয়া প্রকল্পগুলি বিকশিত উত্তরপ্রদেশ এবং বিকশিত ভারতকে গতি দেবে। তিনি আরও বলেন, বর্তমান সরকার সময়সীমার মধ্যে সমস্ত প্রকল্প সম্পন্ন করতে প্রতিশ্রুতিবদ্ধ।

*************************

**TET-SELECTION:**

রাজ্য সরকার প্রাথমিক ও উচ্চ বুনিয়াদি স্তরে ২০৫৬ জন শিক্ষক নিয়োগের জন্য সিদ্ধান্ত নিয়েছে। এই নিয়োগের লক্ষ্যে টেট-ওয়ান এবং টেট-টু'র সর্বশেষ পরীক্ষায় উত্তীর্ণদের মেধা তালিকা প্রস্তুত করার জন্য শিক্ষা দপ্তরের পক্ষ থেকে টিচার্স রিক্রুটমেন্ট বোর্ডকে অনুরোধ জানানো হয়েছে। সে পরিপ্রেক্ষিতে বোর্ড টেট-ওয়ান এবং টেট-টু পরীক্ষায় উত্তীর্ণদের মেধা তালিকা যাচাইয়ের প্রক্রিয়া আজ  থেকে শুরু করবে। বোর্ডের পক্ষ থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, আজ  বিকেল চারটা থেকে ২৬শে ফেব্রুয়ারি বিকেল চারটা পর্যন্ত টেট উত্তীর্ণরা মেধা যাচাই প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। টিচার্স রিক্রুটমেন্ট বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে অনলাইনে আবেদনের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত উল্লেখ করা হয়েছে।

*******************

**PM –Mann ki Baat  :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গর্বের সাথে বলেছেন, ভারত এআই ইমপ্যাক্ট সামিট ভবিষ্যতে বিশ্ব কীভাবে এআই-এর শক্তি ব্যবহার করবে তার গতিপথকে পরিবর্তিত দিশা দেখিয়েছে। আকাশবাণীতে গতকাল মন কি বাত অনুষ্ঠানের ১৩১ তম পর্বে জাতির উদ্দেশ্যে ভাষণে প্রধানমন্ত্রী বলেন যে অনেক দেশের নেতা, শিল্পক্ষেত্রের শীর্ষ ব্যক্তি, উদ্ভাবক এবং স্টার্ট-আপ ক্ষেত্রের সাথে যুক্ত ব্যক্তিরা নয়াদিল্লির ভারত মণ্ডপমে এআই ইমপ্যাক্ট সামিটের জন্য একত্রিত হয়েছিলেন। শ্রী মোদী বলেন, তিনি এআই সামিট প্রদর্শনীতে বিশ্বনেতাদের অসংখ্য জিনিস দেখিয়েছেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে শীর্ষ সম্মেলনে বিশ্ব কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে ভারতের আশ্চর্যজনক ক্ষমতা দেখতে পেয়েছে। এই সময়ের মধ্যে, ভারত তিনটি মেড ইন ইন্ডিয়া এআই মডেলও চালু করেছে। শ্রী মোদী শীর্ষ সম্মেলনটিকে সর্বকালের বৃহত্তম কৃত্রিম বুদ্ধিমত্তা শীর্ষ সম্মেলন হিসেবে প্রশংসা করেছেন। তিনি এই শীর্ষ সম্মেলনের সাফল্যের জন্য সকল নাগরিককে অভিনন্দন জানান। চলমান টি-২০ বিশ্বকাপের বিষয়বস্তু সম্পর্কে শ্রী মোদী মন্তব্য করেন যে, অনেক ভারতীয় বংশোদ্ভূত খেলোয়াড় এই চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করছেন। তিনি

বলেন, কানাডা দলে সবচেয়ে বেশি সংখ্যক ভারতীয় বংশোদ্ভূত খেলোয়াড় রয়েছেন। ভারতীয় বংশোদ্ভূত অসংখ্য খেলোয়াড় তাদের নিজ নিজ দেশের জন্য গর্ব বয়ে আনছেন বলে উল্লেখ করে, শ্রী মোদী এটিকে ভারতীয়ত্বের প্রতীক বলে অভিহিত করেন। তিনি জোর দিয়ে বলেন যে ভারতীয়রা যেখানেই যান না কেন, তারা তাদের মাতৃভূমির শিকড়ের সাথে যুক্ত থাকেন এবং যে দেশে বাস করেন সেই দেশের উন্নয়নে অবদান রাখেন। মন কি বাতের এই পর্বে প্রধানমন্ত্রী মোদী অঙ্গদানের মাধ্যমে অন্যের জীবনদানের মত মহৎ বিষয়ের কয়েকটি বাস্তব উদাহরণ তুলে ধরেন ।তিনি বলেন, একটি মাত্র মহৎ কাজ অগণিত মানুষের জীবন বদলে দিতে পারে। এই ধরনের মহৎ কাজ যারা করেছেন তাদের সকলের প্রশংসা করেন প্রধানমন্ত্রী । আজ রাষ্ট্রপতি ভবনে স্বাধীন ভারতের প্রথম ভারতীয় গভর্নর জেনারেল চক্রবর্তী রাজা গোপালাচারি স্মরণে রাজাজি উৎসব উদযাপনের প্রসঙ্গ তিনি তুলে ধরেন। এছাড়াও একগুচ্ছ ইতিবাচক বিষয়ের প্রসঙ্গ গতকালের মন কি বাত অনুষ্ঠানে দেশবাসীর সামনে তুলে ধরেন প্রধানমন্ত্রী।

*********************

**CM- Maan ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত দেশের নাগরিকদের ক্রমাগত তথ্য প্রদান এবং শিক্ষিত করে তুলছে, বলেছেন- মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। গতকাল মোহনপুরের মুকাম পাড়া জে বি স্কুলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত অনুষ্ঠান শোনার পর মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, মন কি বাতের মাধ্যমে প্রধানমন্ত্রী সামাজিক ও অর্থনৈতিক বিষয়ে নাগরিকদের সচেতন করে তুলছেন।

******************

**Assam Rifles:**

ঊনকোটি জেলার ফটিকরায়ের রাধানগরে আসাম রাইফেলস-এর ২৮ নম্বর ব্যাটেলিয়ানের উদ্যোগে গতকাল প্রাক্তন সৈনিক সমাবেশ ও চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। ঊনকোটি, উত্তর ত্রিপুরা, ধলাই ও খোয়াই জেলা থেকে

প্রাক্তন সৈনিক ও তাদের পরিবারের সদস্যরা এতে অংশ নেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাহিনীর কমান্ডেন্ট ধর্মেন্দ্র সিং চৌহান।

***************

**Ex PNB Employee:**

পুরনো পেনশন পদ্ধতি চালুর দাবি জানিয়েছে ইউনাইটেড পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক রিটায়ারস ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। গতকাল আগরতলায় সংগ□নের ত্রিপুরা অঞ্চল কমিটির সম্মেলনে এই দাবি জানানো হয়। সম্মেলনে সংগ□নের সর্বভারতীয় সাধারন সম্পাদক বিপ্র কুমার সাহা, সহকারি সাধারন সম্পাদক সমর কুমার কুন্ডু ও অন্যান্যরা আলোচনা করেন।

**************************

**State Games:**

ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশন আয়োজিত প্রথম স্টেট গেমস-এর গতকাল সূচনা হয়েছে । বাধারঘাটের দশরথ দেব স্টেডিয়ামে স্টেট গেমস-এর আনুষ্ঠানিক সূচনা করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী প্রথমবারের মতো আয়োজিত তিনদিন ব্যাপী এই গেমসের সাফল্য কামনা করেন। তিনি বলেন, আগামী দিনে এই আসর থেকে খেলোয়াড় বেরিয়ে আসবে যারা রাজ্য ও দেশের নাম উজ্জ্বল করবে। উল্লেখ্য রাজ্যের বিভিন্ন প্রান্তে মোট ১৮টি ইভেন্টে পুরুষ ও মহিলাদের মধ্যে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ আংশিক মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ ডিগ্রি সেলসিয়াস।

***************